रजिस्ट्री सं डी-221

Registered No. D-221
রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण
EXTRAORDINARY
বিশেষ
भाग VII—अनुभाग 1
PART VII—Section 1
ভাগ ৭—অনুভাগ ১
प्राधिकार से प्रकाशित
Published by Authority
প্রাধিকারবলে প্রকাশিত

सं 12 | नई दिल्ली, बुधवार, अगस्त 31, 2022 | [भाद्र 9, 1944 शक
No. 12 | NEW DELHI, WEDNESDAY, AUGUST 31, 2022 | [BHADRA 9, 1944 (SAKAY)
নং 12 | নতুন দিল্লী, বুধবার, ৩১শে আগস্ট, ২০২২ | [৯ই ভাদ্র, ১৯৪৪(শক)

## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ৭ই জুন, ২০২২/১৭ই জ্যৈষ্ঠ, ১৯৪৪(শক)

(১) দি সিগারেট্স্ অ্যান্ড আদার টোব্যাকো প্রোডাক্টস্ (প্রোহিবিশ্ন্ অফ অ্যাডভারটাইজমেন্ট অ্যান্ড রেগুলেশ্ন্ অফ ট্রেড অ্যান্ড কমার্স, প্রোডাক্শ্ন, সাপ্লাই অ্যান্ড ডিসট্রিবিউশ্ন্) অ্যাক্ট, ২০০৩ (২০০৩-এর ৩৪),

(২) দি প্রাইভেট সিকিউরিটি এজেন্সিস (রেগুলেশন) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ২৯),

(৩) দি প্রোটেকশন অফ্ উইমেন ফ্রম ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৪৩),

(৪) দি ডিজাসটার ম্যানেজমেন্ট অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫৩)

(৫) দি পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস রেগুলেটরি বোর্ড অ্যাক্ট, ২০০৬ (২০০৬-এর ১৯),

(৬) দি শেডিউল্ড ট্রাইব্স অ্যান্ড আদার ট্রাডিশনাল ফরেস্ট ড্যুয়েলার্স্ (রিকগনিশন অফ্ ফরেস্ট রাইট্স) অ্যাক্ট, ২০০৬ (২০০৭-এর ২),-এর

বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

ডঃ রীটা বশিষ্ঠ
সচিব
*বিধান বিভাগ*
*বিধি ও ন্যায় মন্ত্রণালয়*
*ভারত সরকার*

## MINISTRY OF LAW AND JUSTICE

### (Legislative Department)

New Delhi, Dated, the 7th June, 2022/ 17 Jyaistha, 1944 (Saka)

The translations in Bengali of the following, namely:

(1) The Cigarettes and Other Tobacco Products (Prohibition of Advertisement and Regulation of Trade and Commerce, Production, Supply and Distribution) Act, 2003 (34 of 2003),

(2) The Private Security Agencies (Regulation) Act, 2005 (29 of 2005),

(3) The Protection of Women from Domestic Violence Act, 2005 (43 of 2005),

(4) The Disaster Management Act, 2005 (53 of 2005),

(5) The Petroleum and Natural Gas Regulatory Board Act, 2006 (19 of 2006),

(6) The Scheduled Tribes and Other Traditional Forest Dwellers (Recognition of Forest Rights) Act, 2006 (2 of 2007),

are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

**Dr. Reeta Vashista**
*Secretary*
*Legislative Department*
*Ministry of Law and Justice*
*Government of India*

# *বেসরকারী নিরাপত্তা এজেন্সি (প্রনিয়ন্ত্রণ) আইন, ২০০৫*

(২০০৫ - এর ২৯ নং আইন )

বেসরকারী নিরাপত্তা এজেন্সিসমূহের প্রনিয়ন্ত্রণের জন্য এবং তৎসংশ্লিষ্ট বা তদনুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থা করণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের ষটপঞ্চাশৎ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

সংক্ষিপ্ত নাম, প্রসার ও প্রারম্ভ।

১। (১) এই আইন বেসরকারী নিরাপত্তা এজেন্সি (প্রনিয়ন্ত্রণ) আইন, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা, কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে বলবৎ হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে, –

(ক) "বর্মাচ্ছাদিত যান পরিষেবা" বলিতে বর্মাচ্ছাদিত যানের সহিত সশস্ত্র রক্ষীগণের অভিনিয়োজন দ্বারা ব্যবস্থিত পরিষেবাকে এবং তৎসম্বন্ধযুক্ত এরূপ অন্য পরিষেবাসমূহকে বুঝায় যাহা, ক্ষেত্রানুযায়ী, কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার দ্বারা সময়ে সময়ে প্রজ্ঞাপিত হইবে;

(খ) "নিয়ন্ত্রণকারী প্রাধিকারী" বলিতে ৩ ধারার (১) উপধারা অনুযায়ী নিযুক্ত নিয়ন্ত্রণকারী প্রাধিকারীকে বুঝায়;

(গ) "লাইসেন্স" বলিতে ৭ ধারার (৫) উপধারা অনুযায়ী মঞ্জুরিকৃত কোন লাইসেন্স বুঝায়;

(ঘ) "প্রজ্ঞাপন" বলিতে সরকারী গেজেটে প্রকাশিত কোন প্রজ্ঞাপন বুঝায়;

(ঙ) "বিহিত" বলিতে এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা বিহিত বুঝায়;

(চ) "বেসরকারী নিরাপত্তা" বলিতে কোন ব্যক্তি বা সম্পত্তি বা উভয়কে সুরক্ষা অথবা রক্ষা করিবার জন্য লোক কৃত্যকারী ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ব্যবস্থিত নিরাপত্তা বুঝায় এবং বর্মাচ্ছাদিত যান পরিষেবার ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করে;

(ছ) "বেসরকারী নিরাপত্তা এজেন্সি" বলিতে বেসরকারী নিরাপত্তা রক্ষীদের বা তাহাদের অবেক্ষকের প্রশিক্ষণ প্রদান সহ বেসরকারী নিরাপত্তা পরিষেবার ব্যবস্থা করিবার অথবা কোন শিল্প বা ব্যবসায়িক উদ্যোগ বা কোন কোম্পানি বা অন্য কোন ব্যক্তি বা সম্পত্তির জন্য বেসরকারী নিরাপত্তা রক্ষীগণের ব্যবস্থা করিবার কার্যে ব্যাপৃত, কোন সরকারী-এজেন্সি, বিভাগ বা সংগঠন ব্যতীত অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বুঝায়;

(জ) ''বেসরকারী নিরাপত্তা রক্ষী'' বলিতে এরূপ কোন ব্যক্তিকে বুঝায় যিনি অস্ত্রসহ বা ব্যতীত অন্য ব্যক্তি বা সম্পত্তির বা উভয়ের বেসরকারী নিরাপত্তার ব্যবস্থা করেন এবং উহা কোন অবেক্ষককে অন্তর্ভুক্ত করে;

(ঝ) কোন সংঘশাসিত রাজ্যক্ষেত্র সম্পর্কে, ''রাজ্য সরকার'' সংবিধানের ২৩৯ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত ঐ সংঘশাসিত রাজ্যক্ষেত্রের প্রশাসককে অন্তর্ভুক্ত করে।

নিয়ন্ত্রণকারী প্রাধিকারীর নিয়োগ।

৩। (১) রাজ্য সরকার, প্রজ্ঞাপন দ্বারা, রাজ্য সরকারের স্বরাষ্ট্র বিভাগের কোন যুগ্ম সচিবের নিম্নপদস্থ নহেন এরূপ কোন আধিকারিক অথবা কোন সমতুল্য আধিকারিককে এই আইনের প্রয়োজনে নিয়ন্ত্রণকারী প্রাধিকারীরূপে নামোদ্দিষ্ট করিবেন।

(২) রাজ্য সরকার, নিয়ন্ত্রণকারী প্রাধিকারী কর্তৃক কার্যকুশলতার সহিত কৃত্যাদির সম্পাদনের জন্য, যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন, উহার জন্য সেরূপ অন্যান্য আধিকারিক এবং কর্মীর ব্যবস্থা করিবেন।

ব্যক্তিগণ অথবা বেসরকারী নিরাপত্তা এজেন্সি লাইসেন্স ব্যতীত বেসরকারী নিরাপত্তা রক্ষীর কার্যে ব্যাপৃত করিবেন না বা বেসরকারী নিরাপত্তা রক্ষী সরবরাহ করিবেন না।

৪। কোন ব্যক্তি বেসরকারী নিরাপত্তা এজেন্সির ব্যবস্থা চালাইবেন না অথবা আরম্ভ করিবেন না, যদি না তিনি এই আইন অনুযায়ী প্রদত্ত কোন লাইসেন্স ধারণ করেন:

তবে এই আইন প্রারম্ভের অব্যবহিত পূর্বে বেসরকারী নিরাপত্তা এজেন্সির ব্যবসা চালাইতেছেন এরূপ ব্যক্তি ঐরূপ প্রারম্ভের তারিখ হইতে এক বৎসর সময়সীমার জন্য এবং তিনি উক্ত এক বৎসর সময়সীমার মধ্যে ঐরূপ লাইসেন্সের জন্য কোন আবেদন করিয়া থাকিলে, ঐরূপ আবেদনের নিষ্পত্তি পর্যন্ত ঐরূপে কার্য চালাইয়া যাইতে পারিবেন:

পরন্তু কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সি নিয়ন্ত্রণকারী প্রাধিকারীর অনুমতিপ্রাপ্ত না হইয়া বিদেশে বেসরকারী নিরাপত্তার ব্যবস্থা করিবেন না, যিনি ঐরূপ অনুমতি প্রদান করিবার পূর্বে কেন্দ্রীয় সরকারের সহিত পরামর্শ করিবেন।

লাইসেন্সের জন্য যোগ্যতা।

৫। এই আইন অনুযায়ী লাইসেন্স প্রদানের জন্য কোন ব্যক্তির নিকট হইতে কোন আবেদন শুধুমাত্র তাঁহার পূর্ব-পরিচয়ের যথোচিত সত্যতা নির্ধারণের পর বিবেচিত হইবে।

লাইসেন্স পাইবার যোগ্য নহেন এরূপ ব্যক্তিগণ।

৬। (১) কোন ব্যক্তি এই আইন অনুযায়ী লাইসেন্স প্রদানের জন্য বিবেচিত হইবেন না, যদি তিনি –

(ক) অ-ভারমুক্ত দেউলিয়া সহ, কোন কোম্পানির উন্নতিবিধান, গঠন অথবা পরিচালনা সংক্রান্ত কোন অপরাধ (কোম্পানি সম্পর্কে তৎকর্তৃক কৃত কোন প্রতারণা বা কোন বৈধ কার্যের অপকরণ)– এ দোষসিদ্ধ হইয়া থাকেন ; অথবা

(খ) এরূপ কোন অপরাধের জন্য কোন ক্ষমতাপন্ন আদালত কর্তৃক দোষসিদ্ধ হইয়া থাকেন, যাহার জন্য বিহিত দণ্ড অন্যূন দুই বৎসরের কারাবাস ; অথবা

(গ) জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলাকে বিপন্ন করে বলিয়া যে সংগঠন বা পরিমেলের কার্যকলাপ কোন বিধি অনুযায়ী নিষিদ্ধ সেই সংগঠন বা পরিমেলের সহিত যোগাযোগ রাখিয়া চলেন অথবা ঐ ব্যক্তি সম্পর্কে জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলার প্রতি অনিষ্টকর ক্রিয়াকলাপে লিপ্ত থাকিবার তথ্য রহিয়াছে ; অথবা

(ঘ) অসদাচরণ অথবা নৈতিক দুশ্চারিত্র্যের হেতুতে সরকারী চাকরি হইতে বরখাস্ত অথবা অপসারিত হইয়া থাকেন।

(২) এই আইন অনুযায়ী কোন কোম্পানি, ফার্ম অথবা ব্যক্তিবর্গের পরিমেল ভারতে রেজিস্ট্রিকৃত না হইলে, অথবা উহার স্বত্বাধিকারী বা অধিকাংশ অংশধারক অংশীদার অথবা অধিকর্তা ভারতের নাগরিক না হইলে, লাইসেন্স প্রদানের জন্য বিবেচিত হইবে না।

লাইসেন্স মঞ্জুরির জন্য আবেদন।

৭। (১) কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সিকে লাইসেন্স মঞ্জুরির জন্য কোন আবেদন যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে নিয়ন্ত্রণকারী প্রাধিকারের নিকট করিতে হইবে।

(২) আবেদনকারী, ৬ ধারার অন্তর্ভুক্ত বিধানাবলী সম্বন্ধীয় বিশদ বিবরণসমূহ সম্বলিত একটি শপথপত্র দাখিল করিবেন, ৯ ধারার (২) উপধারা অনুযায়ী অনুজ্ঞাত উহার বেসরকারী নিরাপত্তা রক্ষীগণের এবং অবেক্ষকগণের জন্য প্রশিক্ষণের প্রাপ্তিসাধ্যতা, ১১ ধারা অনুযায়ী শর্তসমূহের এবং আবেদনকারীকে জড়িত করিয়া পুলিশের নিকট রেজিস্ট্রিভুক্ত বা কোন ন্যায়ালয়ে বিচারাধীন মামলাগুলির বিবরণ প্রদানের শর্তের পূরণ সুনিশ্চিত করিবেন।

(৩) (১) উপধারা অনুযায়ী প্রত্যেক আবেদন –

(ক) বেসরকারী নিরাপত্তা এজেন্সি কোন রাজ্যের একটি জেলায় কার্য করিতে থাকিলে, পাঁচ হাজার টাকা ;

(খ) ঐ এজেন্সি কোন রাজ্যের একাধিক কিন্তু পাঁচটি পর্যন্ত জেলায় কার্য করিতে থাকিলে, দশ হাজার টাকা ; এবং

(গ) উহা সমগ্র রাজ্যে কার্য করিতে থাকিলে, পঁচিশ হাজার টাকা

ফী সহযোগে করিতে হইবে।

(৪) (১) উপধারা অনুযায়ী কোন আবেদনের প্রাপ্তির পর, নিয়ন্ত্রণকারী প্রাধিকারী, তিনি যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন সেরূপ অনুসন্ধান করিবার পর এবং সংশ্লিষ্ট পুলিশ প্রাধিকারের নিকট হইতে অনাপত্তি শংসাপত্র পাইবার পর, সম্পূর্ণ বিবরণ ও বিহিত ফী সহ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ষাট দিন সময়সীমার মধ্যে লিখিত আদেশ দ্বারা লাইসেন্স মঞ্জুর করিবেন কিংবা উহা মঞ্জুর করিতে অস্বীকার করিবেন :

তবে প্রত্যাখ্যানের কোন আদেশ প্রদত্ত হইবে না যদি না –

(ক) আবেদনকারীকে তাহার বক্তব্য শুনাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করা হইয়া থাকে ; এবং

(খ) যেসকল কারণে লাইসেন্স প্রত্যাখ্যান করা হইয়াছে, তাহা ঐ আদেশে উল্লিখিত থাকে।

(৫) এই ধারা অনুযায়ী প্রদত্ত কোন লাইসেন্স –

(ক) পাঁচ বৎসর সময়সীমার জন্য বৈধ থাকিবে যদি না উহা ১৩ ধারার (১) উপধারা অনুযায়ী বাতিল করা হয়;

(খ) পাঁচ বৎসর অবসিত হইবার পর, যেরূপ বিহিত হইবে সেরূপ ফী প্রদানের পর সময়ে সময়ে পাঁচ বৎসরের অতিরিক্ত সময়সীমার জন্য নবীকৃত হইবে ; এবং

(গ) যেরূপ বিহিত হইবে সেরূপ শর্তাধীন হইবে।

লাইসেন্সের নবীকরণ।

৮। (১) লাইসেন্স নবীকরণের জন্য কোন আবেদন, উহার সিদ্ধতার সময়সীমা অবসানের অন্যূন পঁয়তাল্লিশ দিন পূর্বে যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে এবং এই আইনের ৬, ৭ ও ১১ ধারা অনুযায়ী অনুজ্ঞাত আবশ্যক ফী ও অন্যান্য দস্তাবেজ সহযোগে নিয়ন্ত্রণকারী প্রাধিকারীর নিকট করিতে হইবে।

(২) নিয়ন্ত্রণকারী প্রাধিকারী, সকল দিক হইতে সম্পূর্ণ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লাইসেন্স নবীকরণের জন্য আবেদনের উপর আদেশ প্রদান করিবেন।

(৩) (১) উপধারা অনুযায়ী কোন আবেদন প্রাপ্তির পর, নিয়ন্ত্রণকারী প্রাধিকারী, তিনি যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন সেরূপ অনুসন্ধানের পর এবং লিখিত আদেশ দ্বারা, লাইসেন্স নবীকরণ করিবেন অথবা উহা নবীকরণ করিতে অস্বীকৃত হইবেন :

তবে আবেদনকারীকে তাঁহার বক্তব্য শুনাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদানের পর ভিন্ন কোন প্রত্যাখ্যানের আদেশ প্রদত্ত হইবে না।

ক্রিয়ার প্রারম্ভ এবং অবেক্ষকগণকে ব্যাপৃতকরণের জন্য শর্তসমূহ।

৯। (১) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি, লাইসেন্স প্রাপ্তির ছয় মাসের মধ্যে উহার কাজকর্ম আরম্ভ করিবেন।

(২) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি উহার বেসরকারী নিরাপত্তারক্ষী এবং অবেক্ষকগণের জন্য যেরূপ বিহিত হইবে সেরূপ প্রশিক্ষণ ও দক্ষতা প্রদান সুনিশ্চিত করিবেন:

তবে এই আইন প্রারম্ভের পূর্বে যে ব্যক্তি বেসরকারী নিরাপত্তা এজেন্সির ব্যবসা চালান তিনি, ঐরূপ প্রারম্ভের তারিখ হইতে এক বৎসর সময়সীমার মধ্যে উহার বেসরকারী নিরাপত্তা রক্ষী এবং অবেক্ষকগণের জন্য অনুজ্ঞাত প্রশিক্ষণ সুনিশ্চিত করিবেন।

(৩) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি, লাইসেন্স প্রদানের তারিখ হইতে ষাট দিনের মধ্যে যেরূপ বিহিত হইবে সেরূপ সংখ্যক অবেক্ষক নিয়োগ করিবেন।

(৪) কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সি, কোন ব্যক্তিকে অবেক্ষকরূপে নিয়োগ অথবা ব্যাপৃত করিবেন না যদি না ঐ ব্যক্তি ১০ ধারার (১) উপধারায় বিনির্দিষ্ট শর্তসমূহ পূরণ করেন।

(৫) বেসরকারী নিরাপত্তা রক্ষীগণের অবেক্ষক নিয়োগের সময়ে, প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী অথবা সশস্ত্র কনস্টেবল বাহিনী এবং হোম গার্ড সহ সংঘ অথবা রাজ্য পুলিশের অপর কোন সশস্ত্র বাহিনীতে অন্যূন তিন বৎসর সময়সীমার জন্য চাকরি করিবার অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করিবেন।

বেসরকারী নিরাপত্তা রক্ষী হইবার জন্য যোগ্যতা।

১০। (১) কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সি, এরূপ কোন ব্যক্তিকে বেসরকারী নিরাপত্তা রক্ষীরূপে নিযুক্ত বা ব্যাপৃত করিবেন না যদি না তিনি –

(ক) ভারতের নাগরিক অথবা কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা যেরূপ বিনির্দিষ্ট করিবেন, সেরূপ অন্য দেশের নাগরিক হন ;

(খ) আঠারো বৎসর বয়স পূর্ণ করিয়াছেন কিন্তু পঁয়ষট্টি বৎসর বয়ঃপ্রাপ্ত হন নাই;

(গ) যেরূপ বিহিত হইবে সেরূপ প্রণালীতে তাহার চরিত্র এবং পূর্ব-পরিচয় সম্পর্কে এজেন্সিকে সন্তুষ্ট করেন ;

(ঘ) বিহিত নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ সফলভাবে সম্পূর্ণ করেন;

(ঙ) যেরূপ বিহিত হইবে সেরূপ শারীরিক সক্ষমতার মান পূরণ করেন; এবং

(চ) যেরূপ বিহিত হইবে সেরূপ অন্যান্য শর্ত পূরণ করেন।

(২) কোন ব্যক্তি, যিনি ক্ষমতাপন্ন আদালত কর্তৃক দোষসিদ্ধ হইয়াছেন অথবা যিনি সংঘের কোন সশস্ত্র বাহিনী, রাজ্য পুলিশ সংস্থা, কেন্দ্রীয় অথবা রাজ্য সরকার অথবা কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সিতে চাকরি করিবার কালে অসদাচরণ বা নৈতিক দুশ্চারিত্র্যের কারণে বরখাস্ত বা অপসারিত হইয়াছেন, তিনি বেসরকারী নিরাপত্তা রক্ষী বা অবেক্ষক রূপে নিযুক্ত বা ব্যাপৃত হইবেন না।

(৩) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি, কোন ব্যক্তিকে বেসরকারী নিরাপত্তা রক্ষীরূপে নিয়োগ করিবার কালে, এরূপ কোন ব্যক্তিকে অগ্রাধিকার দিবেন যিনি নিম্নলিখিত সমূহের কোন একটিতে বা একাধিকে একজন সদস্যরূপে চাকরি করিয়াছেন, যথা :–

(i) সেনাবাহিনী ;

(ii) নৌবাহিনী ;

(iii) বিমানবাহিনী ;

(iv) সংঘের অন্য কোন সশস্ত্র বাহিনী ;

(v) রাজ্যসমূহের সশস্ত্র কনস্টেবল বাহিনী সহ পুলিশ ;

(vi) হোম গার্ড ।

লাইসেন্সের শর্তসমূহ।

**১১।** (১) রাজ্য সরকার এরূপ শর্তাবলী বিহিত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করিবেন, যাহার ভিত্তিতে এই আইন অনুযায়ী লাইসেন্স প্রদত্ত হইবে এবং ঐরূপ শর্তাবলী, যে প্রশিক্ষণ লাইসেন্সধারীকে লাভ করিতে হইবে তৎসম্পর্কিত আবশ্যকতাসমূহ, এজেন্সি গঠনকারী ব্যক্তি বা ব্যক্তিগণের বিস্তারিত বর্ণনা, নিয়ন্ত্রণকারী প্রাধিকারকে সময়ে সময়ে তাঁহাদের ঠিকানার পরিবর্তন, পরিচালনা সংক্রান্ত পরিবর্তন এবং তাঁহাদের, ক্ষেত্রানুযায়ী, বেসরকারী নিরাপত্তা এজেন্সির অথবা তাঁহাদের দ্বারা নিযুক্ত বা ব্যাপৃত কোন বেসরকারী নিরাপত্তারক্ষীর কর্তব্য পালন কালে তাঁহাদের বিরুদ্ধে আনীত কোন ফৌজদারী অভিযোগ সম্পর্কে যে সকল তথ্য সরবরাহ করিতে হইবে তৎসম্বন্ধীয় দায়িত্ব অন্তর্ভুক্ত করিবে।

(২) রাজ্য সরকার, ৯ ধারার (২) উপধারা অনুযায়ী বেসরকারী নিরাপত্তা এজেন্সি কর্তৃক আবশ্যকীয় প্রশিক্ষণের প্রদান সম্পর্কে সত্যতা নির্ধারণ করিবার জন্য এবং যে বেসরকারী নিরাপত্তা এজেন্সি আবশ্যকীয় প্রশিক্ষণ সুনিশ্চিতকরণের শর্ত পূরণ না করিয়া থাকিতে পারে, তাহার লাইসেন্সের স্থায়িত্ব অথবা অন্যথা পুনর্বিলোকন করিবার জন্য নিয়মাবলীতে বিধান প্রণয়ন করিতে পারিবেন।

লাইসেন্স প্রদর্শন করিতে হইবে।

**১২।** প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি উহার ব্যবসার দৃষ্টি-আকর্ষক স্থানে উহার লাইসেন্স বা উহার প্রতিলিপি প্রদর্শন করিবেন।

লাইসেন্সের বাতিলকরণ এবং নিলম্বন।

**১৩।** (১) নিয়ন্ত্রণকারী প্রাধিকার নিম্নলিখিত এক বা একাধিক কারণে কোন লাইসেন্স বাতিল করিতে পারিবেন, যথা :-

(ক) মিথ্যা-প্রতিরূপণ অথবা সারবান তথ্যসমূহ গোপনকরণ দ্বারা ঐ লাইসেন্স পাওয়া গিয়াছে;

(খ) লাইসেন্সধারী মিথ্যা দস্তাবেজ বা ছবি ব্যবহার করিয়াছেন ;

(গ) লাইসেন্সধারী এই আইন বা তদধীনে প্রণীত নিয়মাবলীর বিধানাবলী বা লাইসেন্সের শর্তসমূহের কোন একটি লঙ্ঘন করিয়াছেন ;

(ঘ) লাইসেন্সধারী কোন শিল্প বা ব্যবসায়িক উদ্যোগ বা কোন কোম্পানি বা অন্য কোন ব্যক্তির বেসরকারী নিরাপত্তা এজেন্সিরূপে দায়িত্ব পালনকালে তৎকর্তৃক প্রাপ্ত তথ্যের অপব্যবহার করিয়াছেন ;

(ঙ) লাইসেন্সধারী কোন লেটার-হেড, বিজ্ঞাপন বা অন্য কোন মুদ্রিত বিষয় ব্যবহার করিয়া অথবা অন্য কোন প্রণালীতে বুঝাইয়াছিলেন যে ঐ বেসরকারী নিরাপত্তা এজেন্সি সরকারের একটি অভিকরণ অথবা ঐ এজেন্সি যে নামের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইয়াছিল তদ্ভিন্ন একটি নাম ব্যবহার করিতেছে বা করিতেছিল;

(চ) লাইসেন্সধারী লোককৃত্যকারীরূপে ব্যক্তিরূপণ করিতেছেন বা করিতেছিলেন অথবা কোন ব্যক্তিকে লোককৃত্যকারীরূপে ব্যক্তিরূপণ করিতে অনুমতি প্রদান বা সাহায্য বা অপ-সহায়তা করিতেছেন বা করিয়াছিলেন;

(ছ) বেসরকারী নিরাপত্তা এজেন্সি বিনির্দিষ্ট সময়সীমার মধ্যে উহার ক্রিয়াকলাপ আরম্ভ করিতে অথবা অবেক্ষক ব্যাপৃত করিতে ব্যর্থ হইয়াছিলেন;

(জ) লাইসেন্সধারী কোন ব্যক্তিকে চুক্তিবদ্ধ সেবা প্রদান করিতে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হন বা হইয়াছিলেন অথবা অস্বীকার করেন বা করিয়াছিলেন;

(ঝ) লাইসেন্সধারী এরূপ কোন কার্য করিয়াছেন, যাহা কোন আদালতের আদেশ বা কোন বিধিসম্মত প্রাধিকারের আদেশ লঙ্ঘনক্রমে হইয়াছে অথবা কোন ব্যক্তিকে ঐরূপ কোন আদেশ লঙ্ঘন করিবার জন্য উপদেশ, উৎসাহ বা সহায়তা প্রদান করিতেছিলেন;

(ঞ) লাইসেন্সধারী তফসিলে প্রদত্ত আইনসমূহের এরূপ বিধানাবলী লঙ্ঘন করিয়াছেন, যাহা কেন্দ্রীয় সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা সংপরিবর্তিত হইতে পারিবে;

(ট) এরূপ ঘটনার পুনরাবৃত্তি হইয়াছে, যখন বেসরকারী নিরাপত্তা এজেন্সি কর্তৃক ব্যবস্থিত বেসরকারী নিরাপত্তা রক্ষী বা রক্ষীগণ–

(i) বেসরকারী নিরাপত্তার ব্যবস্থা করিতে ব্যর্থ হইয়াছেন অথবা ঐরূপ নিরাপত্তার ব্যবস্থা করিতে না পারার জন্য চূড়ান্ত অবহেলার দায়ে দোষী হইয়াছেন ;

(ii) বিশ্বাসভঙ্গ করিয়াছেন অথবা এরূপ কোন সম্পত্তি বা উহার একাংশ আত্মসাৎ করিয়াছেন, যাহা তাঁহারা রক্ষা করিবেন বলিয়া ধরিয়া লওয়া হইয়াছিল ;

(iii) স্বভাবত মত্ত অথবা শৃঙ্খলাবিহীন দেখা গিয়াছে ;

(iv) অপরাধের সংঘটনে জড়িত বলিয়া দেখা গিয়াছে ;

(v) তাঁহাদের প্রভাবাধীন কোন ব্যক্তি বা সম্পত্তির বিরুদ্ধে কোন অপরাধে মৌন সম্মতি দিয়াছেন বা অপসহায়তা করিয়াছেন ;

(ঠ) লাইসেন্সধারী এরূপ কোন কার্য করিয়াছেন, যাহা জাতীয় নিরাপত্তাকে বিপন্ন করে, অথবা পুলিশ বা অপর প্রাধিকারকে উহার কর্তব্য পালনে সহায়তা প্রদানের ব্যবস্থা করেন নাই অথবা জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলা বা আইন ও শৃঙ্খলার প্রতি অনিষ্টকর প্রণালীতে কার্য করিয়াছেন।

(২) যেক্ষেত্রে অভিলিখিত করিতে হইবে এরূপ কারণসমূহের জন্য, নিয়ন্ত্রণকারী প্রাধিকারের এরূপ প্রতীতি হয় যে (১) উপধারায় বর্ণিত কারণসমূহের কোন একটির ভিত্তিতে লাইসেন্স বাতিলকরণের বিষয়টি বিবেচনা সাপেক্ষে লাইসেন্সের নিলম্বন প্রয়োজন সেক্ষেত্রে ঐ নিয়ন্ত্রণকারী প্রাধিকার লিখিত আদেশ দ্বারা, আদেশে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ

অনধিক ত্রিশ দিন সময়সীমার জন্য লাইসেন্সের কার্যকারিতা নিলম্বন করিতে পারিবেন এবং ঐরূপ আদেশ প্রদানের তারিখ হইতে পনেরো দিনের মধ্যে কেন ঐ বাতিলকরণের বিষয়টি নির্ধারণ না হওয়া পর্যন্ত লাইসেন্সের নিলম্বন প্রসারিত হইবে না এতৎসম্বন্ধে কারণ দর্শাইবার জন্য লাইসেন্সধারীকে অনুজ্ঞাত করিতে পারিবেন।

(৩) কোন লাইসেন্স নিলম্বন অথবা বাতিলকরণের প্রত্যেক আদেশ লিখিতভাবে প্রদত্ত হইবে এবং উহাতে ঐরূপ নিলম্বন বা বাতিলকরণের কারণসমূহ বিনির্দিষ্ট থাকিবে এবং উহার একটি প্রতিলিপি প্রভাবিত ব্যক্তিকে জ্ঞাপন করা হইবে।

(৪) (১) উপধারা অনুযায়ী লাইসেন্স বাতিলকরণের কোন আদেশ প্রদত্ত হইবে না, যদি না সংশ্লিষ্ট ব্যক্তিকে বক্তব্য শুনাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করা হইয়া থাকে।

আপীলসমূহ।

১৪। (১) নিয়ন্ত্রণকারী প্রাধিকারীর ৭ ধারার (৪) উপধারা অনুযায়ী লাইসেন্স প্রত্যাখ্যান বা ৮ ধারার (৩) উপধারা অনুযায়ী নবীকরণ প্রত্যাখ্যান অথবা ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী লাইসেন্স নিলম্বন অথবা ঐ ধারার (১) উপধারা অনুযায়ী লাইসেন্স বাতিলের আদেশে ক্ষুব্ধ কোন ব্যক্তি ঐরূপ আদেশ প্রদানের তারিখ হইতে ষাট দিন সময়সীমার মধ্যে রাজ্য সরকারের স্বরাষ্ট্র সচিবের নিকট ঐ আদেশের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন :

তবে উক্ত ষাট দিন সময়সীমা অতিক্রান্ত হইবার পর কোন আপীল গৃহীত হইবে, যদি আপীলকারী রাজ্য সরকারকে সন্তুষ্ট করেন যে ঐরূপ সময়সীমার মধ্যে আপীল না করিবার পক্ষে তাহার পর্যাপ্ত কারণ ছিল।

(২) (১) উপধারা অনুযায়ী প্রত্যেক আপীল, যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে কৃত হইবে এবং যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে, তাহার একটি প্রতিলিপি উহার সহিত দিতে হইবে।

(৩) রাজ্য সরকার, কোন আপীলের নিষ্পত্তি করিবার পূর্বে, আপীলকারীকে বক্তব্য শুনাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিবেন।

বেসরকারী নিরাপত্তা এজেন্সি কর্তৃক রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

১৫। (১) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা এজেন্সি একটি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন, যাহাতে থাকিবে –

(ক) বেসরকারী নিরাপত্তা এজেন্সি পরিচালনারত ব্যক্তিগণের নাম ও ঠিকানা ;

(খ) উহার নিয়ন্ত্রণাধীন বেসরকারী নিরাপত্তা রক্ষী ও অবেক্ষকগণের নাম, ঠিকানা, ছবি ও বেতন ;

(গ) যেসকল ব্যক্তির জন্য উহা বেসরকারী নিরাপত্তা রক্ষী অথবা পরিষেবার ব্যবস্থা করিয়াছেন, তাহাদের নাম ও ঠিকানা ; এবং

(ঘ) যেরূপ বিহিত হইবে সেরূপ অন্যান্য বিবরণ।

(২) নিয়ন্ত্রণকারী প্রাধিকারী, এই আইনের যথাযথ প্রতিপালন সুনিশ্চিত করিবার জন্য, কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সি, অবেক্ষক অথবা বেসরকারী নিরাপত্তা রক্ষীর নিকট হইতে তিনি যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন সেরূপ তথ্য তলব করিতে পারিবেন।

লাইসেন্সের পরিদর্শন, ইত্যাদি।

**১৬।** নিয়ন্ত্রণকারী প্রাধিকারী অথবা এতৎপক্ষে তৎকর্তৃক প্রাধিকৃত অন্য কোন আধিকারিক, কোন যুক্তিসঙ্গত সময়ে বেসরকারী নিরাপত্তা এজেন্সির গৃহাদি পরিসরে প্রবেশ করিতে পারিবেন এবং ব্যবসার স্থান, অভিলেখসমূহ, হিসাবসমূহ এবং লাইসেন্সের সহিত সংশ্লিষ্ট অন্যান্য দস্তাবেজ পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবেন এবং কোন দস্তাবেজের প্রতিলিপি লইতে পারিবেন।

সচিত্র পরিচয়পত্র প্রদান।

**১৭।** (১) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা রক্ষীকে, রক্ষী নিয়োগকারী অথবা ব্যাপৃতকারী বেসরকারী নিরাপত্তা এজেন্সি কর্তৃক একটি সচিত্র পরিচয়পত্র প্রদত্ত হইবে।

(২) (১) উপধারা অনুযায়ী সচিত্র পরিচয়পত্র, যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে প্রদত্ত হইবে।

(৩) প্রত্যেক বেসরকারী নিরাপত্তা রক্ষী বা অবেক্ষক (১) উপধারা অনুযায়ী প্রদত্ত সচিত্র পরিচয়পত্র তাঁহার সঙ্গে রাখিবেন এবং নিয়ন্ত্রণকারী প্রাধিকারী বা তৎকর্তৃক এতৎপক্ষে প্রাধিকৃত অন্য কোন আধিকারিক কর্তৃক চাহিবামাত্র উহা পরিদর্শনের জন্য পেশ করিবেন।

অপ্রাধিকৃত ব্যক্তির নিকট তথ্যের প্রকাশ।

**১৮।** (১) কোন ব্যক্তি, যিনি কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সি কর্তৃক বেসরকারী নিরাপত্তা রক্ষীরূপে নিয়োজিত বা ব্যাপৃত হইবেন বা হইয়াছেন, তিনি, এই আইন অনুযায়ী যেরূপ অনুজ্ঞাত হইবে সেরূপ অথবা পুলিশ কর্তৃক কোন অনুসন্ধান বা তদন্ত সম্পর্কিত অথবা কোন প্রাধিকার বা কোন বিধিগত প্রক্রিয়ার দ্বারা যেরূপ আবশ্যক হইবে, সেরূপ প্রকটন ব্যতীত নিয়োগকর্তা কর্তৃক তাহাকে যে কার্য নির্দিষ্ট করা হইয়াছে, সেই কার্য সম্পর্কিত নিয়োজন কালে তৎকর্তৃক অর্জিত কোন তথ্য নিয়োগকর্তা, বা নিয়োগকর্তা যেরূপ নির্দেশ দেন সেরূপ প্রণালীতে এবং সেরূপ ব্যক্তিগণ ভিন্ন অন্য কাহারও নিকট প্রকাশ করিবেন না।

(২) কোন বেসরকারী নিরাপত্তা এজেন্সির সকল বেসরকারী নিরাপত্তা রক্ষী, পুলিশ অথবা ঐরূপ প্রাধিকারকে ঐ এজেন্সির ক্রিয়াকলাপ সংক্রান্ত কোন তদন্তের প্রক্রিয়ায় প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

(৩) যদি কোন বেসরকারী নিরাপত্তা রক্ষীর তাঁহার কর্তব্য নির্বাহ কালে কোন বিধির লঙ্ঘন গোচরে আসে তাহাহইলে তিনি তাহা তাঁহার ঊর্ধ্বতনের দৃষ্টিগোচর করিবেন, যিনি পর্যায়ক্রমে তাঁহার নিয়োগকর্তা বা এজেন্সির মাধ্যমে অথবা নিজে পুলিশকে জানাইবেন।

প্রত্যভিযোজন।

**১৯।** রাজ্য সরকার, প্রজ্ঞাপন দ্বারা, নির্দেশ দিবেন যে, কোন ক্ষমতা অথবা কৃত্য (২৫ ধারা অনুযায়ী নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা ব্যতীত)—

(ক) যাহা উহার দ্বারা সম্পাদিত বা পালিত হইবে ; অথবা

(খ) যাহা নিয়ন্ত্রণকারী প্রাধিকারী কর্তৃক সম্পাদিত বা পালিত হইবে

তাহা এই আইন অনুযায়ী, প্রজ্ঞাপনে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ বিষয় সম্পর্কে এবং সেরূপ শর্তাবলী থাকিলে তৎসাপেক্ষে, ঐরূপ প্রজ্ঞাপনে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ আধিকারিক অথবা সরকারের অধস্তন প্রাধিকার, অথবা নিয়ন্ত্রণকারী প্রাধিকারীর অধস্তন আধিকারিক কর্তৃকও নির্বাহিত বা সম্পাদিত হইবে।

কতিপয় বিধান উল্লঙ্ঘনের জন্য শাস্তি।

**২০।** (১) কোন ব্যক্তি, যিনি ৪ ধারার বিধানসমূহ উল্লঙ্ঘন করেন তিনি এক বৎসর পর্যন্ত হইতে পারে, এরূপ মেয়াদের কারাবাসে অথবা পঁচিশ হাজার টাকা পর্যন্ত হইতে পারে, এরূপ জরিমানায় অথবা উভয়থা দণ্ডনীয় হইবেন।

(২) কোন ব্যক্তি অথবা বেসরকারী নিরাপত্তা এজেন্সি, যিনি এই আইনের ৯, ১০ এবং ১২ ধারাসমূহের বিধানাবলী উল্লঙ্ঘন করেন তিনি লাইসেন্সের নিলম্বন বা বাতিলকরণ ছাড়াও, পঁচিশ হাজার টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

কতিপয় উর্দির অপ্রাধিকৃত ব্যবহারের জন্য দণ্ড।

**২১।** যদি কোন বেসরকারী নিরাপত্তা রক্ষী অথবা অবেক্ষক সেনাবাহিনী, বিমান বাহিনী, নৌ বাহিনী বা সংঘের অন্য কোন সশস্ত্র বাহিনী অথবা পুলিশের উর্দি অথবা ঐ উর্দির সদৃশ কোন পোশাক অথবা ঐ উর্দির কোন নির্দিষ্ট চিহ্ন বহনকারী কোন পোশাক পরিধান করেন, তাহাহইলে তিনি এবং বেসরকারী নিরাপত্তা এজেন্সির স্বত্বাধিকারী এক বৎসর পর্যন্ত হইতে পারে, এরূপ মেয়াদের কারাবাসে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত হইতে পারে, এরূপ জরিমানায় অথবা উভয়থা দণ্ডনীয় হইবেন।

কোম্পানিসমূহের দ্বারা সংঘটিত অপরাধসমূহ।

**২২।** (১) যেক্ষেত্রে এই আইন অনুযায়ী কোন অপরাধ কোন কোম্পানি দ্বারা সংঘটিত হইয়া থাকে সেক্ষেত্রে প্রত্যেক ব্যক্তি, যিনি যে সময়ে ঐ অপরাধ সংঘটিত হইয়াছিল সেই সময়ে কোম্পানির ভারপ্রাপ্ত ছিলেন এবং কোম্পানির কারবার চালনার জন্য কোম্পানির প্রতি

দায়ী ছিলেন তিনি এবং ঐ কোম্পানি, অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তাঁহাদের বিরুদ্ধে কার্যবাহ আনীত হইবার এবং তদনুসারে দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেন :

তবে এই উপধারার অন্তর্ভুক্ত কোন কিছু ঐরূপ কোন ব্যক্তিকে ঐরূপ কোন দণ্ডের দায়িতাধীন করিবে না, যদি তিনি প্রমাণ করেন যে তাঁহার অজ্ঞাতসারে ঐ অপরাধ সংঘটিত হইয়াছিল অথবা তিনি ঐরূপ অপরাধের সংঘটন নিবারণ করিবার জন্য যথোচিত অধ্যবসায় প্রয়োগ করিয়াছিলেন।

(২) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, যেক্ষেত্রে কোন কোম্পানি দ্বারা এই আইন অনুযায়ী কোন অপরাধ সংঘটিত হইয়া থাকে এবং এরূপ প্রমাণিত হয় যে ঐ অপরাধ ঐ কোম্পানির কোন অধিকর্তা, পরিচালক, সচিব অথবা অন্য কোন আধিকারিকের সম্মতি বা মৌন সম্মতিক্রমে সংঘটিত হইয়া থাকে, অথবা তাঁহাদের পক্ষ হইতে কোন অবহেলায় আরোপণীয় হয় সেক্ষেত্রে ঐরূপ অধিকর্তা, পরিচালক, সচিব অথবা অন্য কোন আধিকারিক ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তাঁহাদের বিরুদ্ধে কার্যবাহ আনীত হইবার এবং তদনুসারে দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেন।

ব্যাখ্যা । – এই ধারার প্রয়োজনে –

(ক) ''কোম্পানি'' বলিতে কোন নিগমবদ্ধ সংস্থা বুঝায় এবং কোন ফার্ম অথবা অপর কোন ব্যক্তিপরিমেলকে অন্তর্ভুক্ত করে ; এবং

(খ) কোন ফার্ম সম্পর্কে, ''অধিকর্তা'' বলিতে ফার্মের কোন অংশীদার বুঝায়।

ক্ষতিপূর্তি।

**২৩।** এই আইন অনুযায়ী সরল বিশ্বাসে কৃত বা কৃত হইবে বলিয়া অভিপ্রেত কোন কিছু সম্পর্কে নিয়ন্ত্রণকারী প্রাধিকারী অথবা তৎকর্তৃক প্রাধিকৃত অন্য কোন আধিকারিকের বিরুদ্ধে কোন মোকদ্দমা, অভিযুক্তি বা অপর কোন বৈধিক কার্যবাহ চলিবে না।

রাজ্যসমূহ কর্তৃক গ্রহণের জন্য আদর্শ নিয়মাবলীর প্রণয়ন।

**২৪।** কেন্দ্রীয় সরকার, যে বিষয়সমূহ সম্বন্ধে রাজ্য সরকার এই আইন অনুযায়ী নিয়ম প্রণয়ন করিতে পারিবেন সেই বিষয়সমূহের সকল বা যেকোনটি সম্পর্কে আদর্শ নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন, এবং যেক্ষেত্রে ঐরূপ কোন আদর্শ নিয়মাবলী প্রণীত হইয়াছে সেক্ষেত্রে রাজ্য সরকার, ২৫ ধারা অনুযায়ী ঐ বিষয় সম্পর্কে কোন নিয়ম প্রণয়ন করিবার কালে, যতদূর কার্যতঃ সম্ভব ততদূর, ঐরূপ আদর্শ নিয়মাবলীর অনুরূপ করিবেন।

রাজ্য সরকারের নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

**২৫।** (১) রাজ্য সরকার, প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানসমূহ কার্যে পরিণত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষত: এবং পূর্বগামী ক্ষমতার ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ নিয়মাবলী দ্বারা নিম্নলিখিত সকল যেকোন বিষয়ের জন্য ব্যবস্থা করা যাইবে, যথা :–

(ক) ১০ ধারার (১) উপধারার (গ) প্রকরণ অনুযায়ী চরিত্র এবং পূর্ব-পরিচয়ের সত্যতা নির্ধারণ করিবার প্রক্রিয়া; ১০ ধারার (১) উপধারার (ঘ) প্রকরণ অনুযায়ী প্রশিক্ষণের ধরণ; ১০ ধারার (১) উপধারার (ঙ) প্রকরণ অনুযায়ী শারীরিক মান; এবং ১০ ধারার (১) উপধারার (চ) প্রকরণ অনুযায়ী অন্যান্য শর্ত;

(খ) ৯ ধারার (৩) উপধারা অনুযায়ী যে অবেক্ষকগণ নিযুক্ত হইবেন, তাঁহাদের সংখ্যা;

(গ) ৭ ধারার (১) উপধারা অনুযায়ী লাইসেন্স মঞ্জুরির জন্য আবেদনের ফরম ;

(ঘ) ৭ ধারার (৪) উপধারা অনুযায়ী যে ফরমে লাইসেন্স মঞ্জুর করা হইবে এবং ১১ ধারা অনুযায়ী যে শর্তাবলী সাপেক্ষে ঐরূপ লাইসেন্স মঞ্জুর করা হইবে;

(ঙ) ৮ ধারার (১) উপধারা অনুযায়ী লাইসেন্স নবীকরণের জন্য আবেদনের ফরম;

(চ) ১৪ ধারার (২) উপধারা অনুযায়ী আপীল করিবার জন্য ফরম;

(ছ) ১৫ ধারার (১) উপধারা অনুযায়ী রেজিস্টারে রক্ষিত হইবে, এরূপ বিবরণ;

(জ) ১৭ ধারার (২) উপধারা অনুযায়ী যে ফরমে সচিত্র পরিচয়পত্র প্রদত্ত হইবে সেই ফরম;

(ঝ) এরূপ অন্য কোন বিষয় যাহা বিহিত হইবার জন্য আবশ্যক হয় অথবা হইতে পারে।

(৩) রাজ্য সরকার কর্তৃক এই ধারা অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম, প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, যেক্ষেত্রে রাজ্য বিধানমণ্ডল দুইটি সদন লইয়া গঠিত হয় সেক্ষেত্রে প্রত্যেক সদনের সমক্ষে, অথবা যেক্ষেত্রে ঐরূপ বিধানমণ্ডল একটি সদন লইয়া গঠিত হয়, সেক্ষেত্রে ঐ সদনের সমক্ষে স্থাপিত হইবে।

(৪) সংঘশাসিত রাজ্যসমূহের ক্ষেত্রে, এই আইনের বিধানাবলী কার্যে পরিণত করিবার জন্য প্রণীত প্রত্যেক নিয়ম সংসদের প্রত্যেক সদনের সমক্ষে এবং যেক্ষেত্রে কোন বিধানসভা রহিয়াছে সেক্ষেত্রে ঐ বিধানসভার সমক্ষে স্থাপিত হইবে।

## তফসিল

[ ১৩ (১) (ঞ) ধারা দ্রষ্টব্য ]

(১) দি পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট, ১৯৩৬ (১৯৩৬ - এর ৪)।

(২) দি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট্স অ্যাক্ট, ১৯৪৭ (১৯৪৭ - এর ১৪)।

(৩) দি মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, ১৯৪৮ (১৯৪৮ - এর ১১)।

(৪) দি এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডস অ্যান্ড মিসেলেনিয়াস প্রভিশন্স অ্যাক্ট, ১৯৫২ (১৯৫২ - এর ১৯)।

(৫) দি পেমেন্ট অফ বোনাস অ্যাক্ট, ১৯৬৫ (১৯৬৫-র ২১)।

(৬) দি কন্ট্র্যাক্ট লেবার (রেগুলেশন অ্যান্ড অ্যাবলিশ্ন) অ্যাক্ট, ১৯৭০ (১৯৭০ - এর ৩৭)।

(৭) দি পেমেন্ট অফ গ্রাচুইটি অ্যাক্ট, ১৯৭২ (১৯৭২ -এর ৩৯)।

(৮) দি ইকুয়্যাল রেমুনারেশ্ন অ্যাক্ট, ১৯৭৬ (১৯৭৬ - এর ২৫)।

(৯) দি ইন্টার-স্টেট মাইগ্র্যান্ট ওয়ার্কমেন (রেগুলেশন অফ এমপ্লয়মেন্ট অ্যান্ড কন্ডিশন্স অফ সার্ভিস) অ্যাক্ট, ১৯৭৯ (১৯৭৯ - এর ৩০)।